

আনন্দবাজার পত্রিকা

সোমবার ২৬ অক্টোবর ২০১৫

কুর্নিশ

● পুলক-পল্টু-টুনি-টুটু— না, এঁদের কাউকে চেনবার কথা নয়। ওঁরা তা প্রত্যাশাও করেন না। প্রত্যাশা না রেখেই ‘কুর্নিশ’ কাজ করছে স্বজনহারা পথশিশুদের জন্য। গতকাল, রবিবার সত্তর জন শিশুকে নিয়ে কুর্নিশ ফেয়ারলি থেকে বেলুড় জলবিহারের আয়োজন করেছিল। মধ্যাহ্নভোজে ছিল পোলাও-মাছ-মাংস, বিকেলে কেক-কফি-চিপ্‌স। দুপুর ১-৭টা জলের ওপর লঞ্চে অজস্র শিশুর কলকাকলি। যেন একটা গাছভর্তি শয়ে শয়ে পাখি। গান-গল্প-হইছল্লোড়। ২০০৭ থেকে ওঁরা এই কাজই করেন। পুজোয় শিশুরা পেয়েছে নতুন জামা। কলকাতা পুরসভা ওঁদের সাহায্য করে। করেন রাজ্যের দু’-এক জন মন্ত্রীও। শরতের আলো-ঝলমলে নীল আকাশের নীচে শিশুদের হাসিটুকু দেখার জন্যই সারা বছরের দৌড়াদৌড়ি পরিশ্রম সার্থক— ওঁদের কুর্নিশ।